# দুর্নীতি দমন কমিশন
ঢাকা, বাংলাদেশ

"সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ"

স্মারক নং-দুদক/প্রতি:/অ্যাওয়ার্ড/০৬(অংশ-১)/২০১৩-৪৯৬৬(১৭৬) তারিখ: ০৩/০২/২০২০ খ্রিঃ

বিষয়: **"দুদক মিডিয়া অ্যাওয়ার্ড - ২০১৯" এর জন্য অনুসন্ধানী ও সৃজনশীল প্রতিবেদন প্রেরণ।**

আপনি অবগত আছেন যে, দুর্নীতি দমন কমিশন দুর্নীতি সংক্রান্ত অনুসন্ধানী ও সৃজনশীল সাংবাদিকতা উৎসাহিত করার জন্য ২০১৩ সন হতে **"দুদক মিডিয়া অ্যাওয়ার্ড"** প্রবর্তন করেছে।

০২। দেশে গণমাধ্যমের ব্যাপক প্রসার ঘটেছে। প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন পত্রিকায় অসংখ্য দুর্নীতি সংক্রান্ত এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক সৃজনশীল সংবাদ/প্রতিবেদন প্রকাশিত ও প্রচারিত হচ্ছে। কমিশন মনে করে দুর্নীতি সংক্রান্ত প্রতিটি প্রতিবেদন দুর্নীতিবিরোধী প্রচারণায় যথেষ্ট গুরুত্ব বহন করে। তাই এ জাতীয় প্রতিবেদন/সংবাদসমূহ যথাযথ যাচাই বাছাই শেষে আইনানুগ প্রক্রিয়ায় অনুসন্ধান/তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হলে তা দুর্নীতি দমনে যেমন কার্যকরী ভূমিকা রাখতে পারে তেমনি **"দুদক মিডিয়া অ্যাওয়ার্ড"** প্রদানের ক্ষেত্রেও সহায়ক হবে। সাধারণত কমিশন পুরস্কার প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করে থাকে:

(ক) দুর্নীতির অপরাধ উদঘাটনের বিষয়ে অনুসন্ধানী প্রতিবেদন যা পরবর্তীতে কমিশনের অনুসন্ধান/তদন্তে সঠিক ও বস্তুনিষ্ঠ বলে প্রমাণ পাওয়া যাবে ।

(খ) দুর্নীতি প্রতিরোধে সহায়ক সৃজনশীল বিজ্ঞাপন, টিভি প্রচারণা, টিভি কার্টুন ও জিঙ্গেল।

(গ) দুর্নীতির বিস্তাররোধে নতুন উপায় উদ্ভাবনী প্রতিবেদন প্রচার ও প্রকাশ।

(ঘ) প্রতিবেদন হতে হবে মৌলিক।

(ঙ) প্রতিবেদনের ভাষা, সমসাময়িক প্রাসঙ্গিকতা, প্রতিবেদনের উপস্থাপন কাঠামো, ছবি/গ্রাফিক্স ব্যবহার, প্রতিবেদনের প্রভাব - এসব বিষয় বিবেচনা করা হবে।

০৩। এ প্রেক্ষাপটে আপনার পরিচালিত টেলিভিশন, রেডিও, অনলাইন পত্রিকা, দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক/ ত্রৈমাসিক সংবাদপত্র ও সাময়িকীতে প্রচারিত বা প্রকাশিত দুর্নীতি সংক্রান্ত ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক সৃজনশীল প্রতিবেদনসমূহ প্রচার অথবা প্রকাশের পর প্রতিবেদককে প্রতিবেদকের নাম, যোগাযোগের ঠিকানা ও ফোন নম্বরসহ ডাকযোগে অথবা সরাসরি প্রতিবেদনের চার কপি স্ক্রীপ্ট অথবা ইলেক্ট্রনিক মিডিয়ার ক্ষেত্রে চার কপি স্ক্রীপ্টসহ সিডি কমিশনের E-mail: info@acc.org.com অথবা জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০ (pranabacc@yahoo.com)- এর নিকট আগামী ২০/০২/২০২০ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। খামের উপর **"দুদক মিডিয়া অ্যাওয়ার্ড-২০১৯"** কথাটি উল্লেখ করতে হবে। উল্লেখ্য, ২০১৯ সনের জানুয়ারি থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত প্রকাশিত/প্রচারিত প্রতিবেদন পুরস্কারের জন্য বিবেচিত হবে। প্রতিযোগিতায় ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার মোট ০৬ (ছয়) জন সাংবাদিককে পুরস্কার প্রদান করা হবে। তবে কমিশন ইচ্ছা করলে কোন বৎসর মনোনীত পুরস্কার প্রাপকের সংখ্যা হ্রাস বৃদ্ধি করতে পারবে। সাংবাদিকতা, গবেষণা এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া সংশ্লিষ্ট পেশায় অভিজ্ঞতালব্ধ স্বনামখ্যাত ব্যক্তিবর্গ নিয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট বিচারক প্যানেলের মাধ্যমে পুরস্কার বিজয়ী নির্ধারণ করা হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৪। এমতাবস্থায়, "দুদক মিডিয়া অ্যাওয়ার্ড- ২০১৯" এর জন্য অনুসন্ধানী ও সৃজনশীল প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: নীতিমালা ০৩ (তিন) পাতা।

০৩.০২.২০২০.


উত্তম কুমার মন্ডল
পরিচালক
(প্রতিরোধ ও গণসচেতনতা-১)
ফোন: ৯৩৬২৪৫৮
E-mail: d.prevention1@acc.org.bd


স্মারক নং-দুদক/প্রতি:/অ্যাওয়ার্ড/০৬(অংশ-১)/২০১৩-৪৯৬৬(১৭৬) তারিখ: ০৩/০২/২০২০ খ্রি.

বিতরণ কার্যার্থে :**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার, ঢাকা।
০২. সভাপতি/সম্পাদক, জাতীয় প্রেসক্লাব, ঢাকা।
০৩. সভাপতি/সম্পাদক, জেলা প্রেসক্লাব (সকল)।
০৪. চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক/ বার্তা প্রধান, টি.ভি, চ্যানেল/রেডিও চ্যানেল (সকল),............................................... ।
০৫. প্রধান সম্পাদক/সম্পাদক/ভারপ্রাপ্ত সম্পাদক, দৈনিক প্রথম আলো/ইত্তেফাক/যুগান্তর/ সমকাল/কালেরকণ্ঠ/জনকণ্ঠ/বাংলাদেশ প্রতিদিন/আমাদের সময়/মানব জমিন/সংবাদ/ নয়া দিগন্ত/ ইনকিলাব/দি ডেইলী স্টার/বাংলাদেশ টাইমস/ দি ডেইলী অবজারভার/দি নিউ এইজ/বাংলা নিউজ টোয়েন্টিফোর.কম/দি ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস/দৈনিক যায় যায় দিন/দি ইনডিপেনডেন্ট।

(০১–০৫: আপনার প্রতিষ্ঠানের সাংবাদিকবৃন্দকে অবগত করণের অনুরোধসহ)

০৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), ৬৮/২, পুরানা পল্টন, ঢাকা।
০৭. প্রধান সম্পাদক ও ব্যবস্থাপনা পরিচালক, ইউ এন বি, কসমস সেন্টার, ৬৯/১, নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা।
০৮. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয় (সকল)................ (স্থানীয় দৈনিক পত্রিকার সাংবাদিকগণকে অবহিত করার অনুরোধসহ)।
০৯. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (বিভিন্ন প্রেসক্লাবে ই-মেইলে, ফ্যাক্সে, টিভি স্ক্রলে জরুরী প্রচারের অনুরোধসহ)।

অনুলিপি:

০১. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
০২. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/খুলনা/রংপুর/ময়মনসিংহ।
০৩. সিস্টেম এনালিষ্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. চেয়ারম্যান এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
০৫. কমিশনার অনুসন্ধান/তদন্ত এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
০৬. সচিব এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।

F:\Taleb.UDC(new)\Duduk Award\Dudok Award-19\Letter.docx